

আপনার মেম্বার হ্যান্ডবুক পরিবর্তন করা হয়েছে

## নথিভুক্ত না থাকা অ-নাগরিকদের বয়স 65 এবং তার বেশি

নথিভুক্ত না থাকা অ-নাগরিক যাদের বয়স 65 বা তার বেশি তারা MetroPlusHealth-এর Medicaid Managed Care প্ল্যানে যোগ দিতে পারেন। পূর্বে এই ব্যক্তির তাদের Medicaid কার্ড ব্যবহার করে শুধুমাত্র জরুরী চিকিৎসা সেবা পেতে সক্ষম ছিল। এখন, এই ব্যক্তিদের MetroPlusHealth দ্বারা প্রদত্ত বিস্তৃত স্বাস্থ্যসেবা পরিষেবাগুলিতে অ্যাক্সেস থাকবে, যা এই হ্যান্ডবুকের পার্ট II-এ সম্পূর্ণ তালিকাভুক্ত করা হয়েছে।

MetroPlusHealth এর দেওয়া পরিষেবাগুলির মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- রুটিন প্রতিরোধমূলক পরিচর্যা যেমন ভ্যাকসিন এবং চেকআপ,
- মানসিক স্বাস্থ্য পরিষেবা,
- দন্ত-চিকিৎসা সংক্রান্ত বেনিফিটগুলি,
- দৃষ্টি পরিচর্যা,
- পরিবার পরিকল্পনা পরিষেবা,
- জরুরী স্বাস্থ্যসেবা, এবং
- নার্সিং হোম পরিষেবা।

যোগ্য সদস্যরা তাদের Medicaid কার্ড ব্যবহার করে NYRx, Medicaid ফার্মেসি প্রোগ্রাম দ্বারা প্রদত্ত ফার্মেসি বেনিফিটগুলি অ্যাক্সেস করতে পারে।

**দ্রষ্টব্য:** এই ব্যক্তিদের জন্য অ-জরুরী পরিবহন কভার করা হয় না।

উপলব্ধ পরিষেবাটি সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে 800.303.9626 (TTY: 711) নম্বরে মেম্বার সার্ভিসে ফোন করুন।